বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৪১তম (২০২৩-২০২৪ অর্থ বছরের ৫ম) সভার কার্যবিবরণী।**

১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ রোজ রবিবার ১২:৩০ ঘটিকায় বিসিআইসি'র পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে তাঁর নিজ দপ্তরে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা নিম্নরূপ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২. | জনাব এস.এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩. | প্রকৌশলী সুদীপ মজুমদার পিইঞ্জ | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪. | জনাব মোঃ মেফতাউল ইসলাম | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫. | জনাব কাজী আশরাফুল ইসলাম | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬. | জনাব ইদি আমিন সরকার | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রকল্প বাস্তবায়ন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭. | জনাব মোঃ আমিরুল ইসলাম | সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ৩০ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ (নিয়মিত ৪০তম) সভার কার্যবিবরণী উপস্থাপন করলে উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে ডি-নথির লক্ষ্যমাত্রা সংশোধন করে ৮৫% করা হয়। এছাড়া অন্য কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০। সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ (নিয়মিত ৪০তম) সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব মোঃ আমিরুল ইসলাম, সিস্টেম এনালিস্ট ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-কে অনুরোধ করেন। ইনোভেশন কমিটি'র সদস্য সচিব ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ (নিয়মিত ৪০তম) সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত সভায় উপস্থাপন করেন।

৪.০। আলোচনা ও সিদ্ধান্তঃ

**আলোচনা-০১:** অনুযায়ী নিম্নোক্ত ৭টি ধারণা নিয়ে একটি শোকেসিং আয়োজন করার জন্য ৪০তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।

| ক্রম | উদ্ভাবকের নাম, পদবী ও কর্মস্থল | উদ্ভাবনী ধারণার শিরোনাম |
|---|---|---|
| ১। | জনাব চৌধুরী মোহাম্মদ হারুন<br>মহাব্যবস্থাপক (অপারেশন)<br>টিএসপি কমপ্লেক্স লিমিটেড (টিএসপিসিএল)<br>(উদ্ভাবনী ধারণা, ২০১৮-২০১৯) | টিএসপিসিএল এর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন। |
| ২। | জনাব শাহীন মাহমুদ<br>উপ-প্রধান প্রকৌশলী (রসায়ন)<br>টিএসপি কমপ্লেক্স লিমিটেড (টিএসপিসিএল)<br>(উদ্ভাবনী ধারণা, ২০১৯-২০২০) | টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু করা। |
| ৩। | জনাব মোঃ শাহীন কামাল<br>পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি<br>(সেবা সহজিকৃত, ২০২০-২০২১) | বিসিআইসি'র সকল কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা। |
| ৪। | জনাব মোহাম্মদ আজিজুল হক<br>উপ-প্রধান প্রকৌশলী (রসায়ন)<br>এসএফসিএল<br>(উদ্ভাবনী ধারণা, ২০২১-২০২২) | এসএফসিএল এর ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্টে Crusher Feed Hopper (T- 662) হতে ০১ (এক) টি Overflow Line স্থাপন। |
| ৫। | জনাব তরিকুল আলম<br>সহকারী প্রকৌশলী<br>যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (জেএফসিএল)<br>(উদ্ভাবনী ধারণা, ২০২২-২০২৩) | জেএফসিএল এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা। |

| | | |
|---|---|---|
| ৬। | জনাব মুহাম্মদ আসাদুজ্জামান<br>উপ-প্রধান রসায়নবিদ<br>শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (এসএফসিএল)<br>(উদ্ভাবনী ধারণা, ২০২২-২০২৩) | এসএফসিএল এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা। |
| ৭। | জনাব সেন সুখেন চন্দ্র<br>মহাব্যবস্থাপক (অপারেশন)<br>টিএসপি কমপ্লেক্স লি: (টিএসপিসিএল)<br>(উদ্ভাবনী ধারণা, ২০২২-২০২৩) | টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেটে গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন। |

এছাড়া ৪০ তম সভায় আরও সিদ্ধান্ত হয়েছিল যে, ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে সংস্থাধীন টিএসপিসিএল, উত্তর পতেঙ্গা, চট্টগ্রামে শোকেসিং আয়োজন করতে হবে। পূর্বসভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শোকেসিং এর তারিখ বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে নিশ্চিত করতে হবে এবং শোকেসিং আয়োজনের সার্বিক কার্যক্রম ৪০তম সভায় গঠিত কমিটি পরিচালনা করবে।

**সিদ্ধান্ত-০১:**

**(ক)** বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের সাথে আলোচনা করে আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বা নিকটবর্তী সময়ে বর্ণিত সাতটি উদ্ভাবনী ধারণা নিয়ে সংস্থাধীন টিএসপিসিএল, উত্তর পতেঙ্গা, চট্টগ্রামে শোকেসিং আয়োজন করতে হবে। উক্ত ইনোভেশন শোকেসিং এ স্থানীয় প্রশাসন, জেলা প্রশাসন বা প্রতিনিধি, এসপি বা প্রতিনিধি, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কাফকোর প্রতিনিধি, সংশিষ্ট থানার ওসি ও ৪.২ এর ছকে বর্ণিত ৭ জন উদ্ভাবককে আমন্ত্রণ জানাতে হবে। উদ্ভাবকগণ তাদের স্ব স্ব উদ্ভাবনের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন, যদি সম্ভব হয় বাস্তব মডেলিং বা ভিডিও প্রেজেন্টশন সবার সামনে উপস্থাপন করবে। আলোচ্য শোকেসিং আয়োজন সম্পন্ন করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (ক) | জনাব মো: শাহীন কামাল<br>পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি বিসিআইসি | -সভাপতি। |
| (খ) | প্রকৌশলী সুদীপ মজুমদার পিইঞ্জ<br>প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন কমিটি বিসিআইসি | -সদস্য। |
| (গ) | প্রকৌশলী সেন সুখেন চন্দ্র<br>ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি | -সদস্য। |
| (ঘ) | জনাব কাজী আশরাফুল ইসলাম<br>মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভা ও সদস্য, ইনোভেশন কমিটি বিসিআইসি | -সদস্য। |
| (ঙ) | জনাব মোঃ তারেক ইমরান<br>প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি | -সদস্য সচিব। |

**আইসিটি সাপোর্ট:**
আইসিটি বিভাগের দুই জন কর্মকর্তা।

গঠিত কমিটি শোকেসিং বিষয়ক সার্বিক কার্যক্রম পরিচালনা করবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, শোকেসিং আয়োজন কমিটি, বিসিআইসি।

**(খ)** কারখানাগুলোতে নিজস্ব ইনোভেশন শোকেসিং এর ব্যবস্থা মার্চ ২০২৪ এর মধ্যে গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিসিআইসি'র আইসিটি বিভাগ প্রয়োজনীয় তদারকি ও পরিদর্শন কার্যক্রম সম্পাদন করবেন।

বাস্তবায়নে: বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণ।

**আলোচনা-০২:** সভাপতি মহোদয় বলেন সকল কারখানার ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। এছাড়া বিসিআইসি প্রধান কার্যালয়সহ কারখানাসমূহের ডি-নথির অর্জন এবং নিষ্পত্তি ৮৫% এ উন্নীত করতে হবে। প্রয়োজনে আইসিটি বিভাগ কারখানা ভিত্তিক ডি-নথির উপর প্রশিক্ষণের আয়োজন করতে পারে।

**সিদ্ধান্ত-০২:**

**(ক)** বিসিআইসি প্রধান কার্যালয়সহ কারখানাসমূহের ডি-নথির অর্জন এবং নিষ্পত্তি ৮৫% এ উন্নীত করতে হবে। প্রয়োজনে আইসিটি বিভাগ কারখানা ভিত্তিক ডি-নথির উপর প্রশিক্ষণের আয়োজন করবে।
বাস্তবায়নে: বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি।

**(খ)** কারখানা পর্যায়ের টেন্ডার, এনওসি, কারখানা সংশ্লিষ্ট তথ্য কারখানার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং প্রতিদিনের তথ্য প্রতিদিন আপলোড করে কারখানাসমূহকে স্ব স্ব ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আইসিটি বিভাগ থেকে সকল কারখানায় পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে বিসিআইসি'র আইসিটি বিভাগ প্রয়োজনীয় তদারকি কার্যক্রম সম্পাদন করবেন।

বাস্তবায়নে: বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণ।

**আলোচনা-০৩:** পরিচালক (উৎপাদন ও গবেষণা) বলেন যে, ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে রাখার ব্যবস্থা নেয়া যেতে পারে। যে কোন ভিজিটে বিষয়টি ইনোভেশন কমিটির সদস্যরা পর্যবেক্ষণ করতে পারে।

**সিদ্ধান্ত-০৩:** ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে রাখা হচ্ছে কিনা সে বিষয়টি প্রধান প্রকৌশলী, বিসিআইসি; মহাব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি এবং মহাব্যবস্থাপক (উৎপাদন), বিসিআইসি নিশ্চিত করবেন। কমিটির সকল সদস্যই যে কোন ভিজিটে ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং এর বিষয়টি দায়িত্ব নিয়ে পর্যবেক্ষণ করবেন।

বাস্তবায়নে:
(ক) প্রধান প্রকৌশলী (এমটিএস), বিসিআইসি; মহাব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি এবং মহাব্যবস্থাপক (উৎপাদন), বিসিআইসি।
(খ) বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি।

**আলোচনা-০৪:** ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত ৫টি ইনোভেশন আইডিয়া সরেজমিন পরিদর্শনের জন্য একটি কমিটি গঠনের জন্য পরিচালক (উৎপাদন ও গবেষণা) প্রস্তাব উপস্থাপন করলে সকল সদস্য ঐকমত্য পোষণ করেন।

**সিদ্ধান্ত-০৪:** ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত ৫টি ইনোভেশন আইডিয়া সরেজমিন পরিদর্শনের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

(ক) জনাব মোঃ সেলিম -আহ্বায়ক
কর্মচারী প্রধান, বিসিআইসি

(খ) প্রকৌশলী সুদীপ মজুমদার পিইঞ্জ -সদস্য।
প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন কমিটি বিসিআইসি

(গ) জনাব মোঃ মেফতাউল ইসলাম -সদস্য।
মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন কমিটি, বিসিআইসি

(ঘ) জনাব কাজী আশরাফুল ইসলাম -সদস্য।
মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন কমিটি বিসিআইসি

গঠিত কমিটি ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত ৫টি উদ্ভাবনী ধারণা সরেজমিন পরিদর্শন করে আগামী ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে পরিচালক (কারিগরি ও প্রকৌশল) বরাবরে প্রতিবেদন দাখিল করবে। আইসিটি বিভাগ এ বিষয়ে একটি দপ্তরাদেশ জারি করবে।

বাস্তবায়নে:
(ক) ইনোভেশন আইডিয়া সরেজমিন পরিদর্শন কমিটি।
(খ) বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি।

**আলোচনা-০৫:** সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করার জন্য সদস্যগণ অনুরোধ জানান।

**সিদ্ধান্ত-০৫:** সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20.02.2024

ড. মোহাম্মদ মুনসুর আলম খান
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
বিসিআইসি।